

## জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১১০ কোটি টাকার বাজেট অনুমোদন

### ■ ইত্তেফাক রিপোর্ট

জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট ২০১০-২০১১ অর্থবছরের বাজেট অনুমোদন করেছে। শনিবার প্রাক্তন প্রাচ্যবাহিনী খানমতিস্থ সিটি অফিসে বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ১১৭তম সভায় ১০৯ কোটি ৯৪ লাখ ৬৩ হাজার টাকার বাজেট প্রস্তাবনা অনুমোদন করা হয়।

সভায় সভাপতিত্ব করেন জাইস চ্যান্সেলর প্রফেসর ড. কাজী শহীদুল্লাহ। প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. ওম আর সাদিদ খান, প্রফেসর ড. ডোফায়েল আহমদ তৌফুয়ী, শিক্কা, সচিব নৈয়দ আতাউর রহমানসহ সদস্যরা সিন্ডিকেট সভায় উপস্থিত ছিলেন। বাজেট প্রস্তাবনা উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের টেকনোলজি অধ্যক্ষ কাজী তাক্ক আহম্মেদ।

বাজেটে বিশ্ববিদ্যালয়ে ২২৬টি কমিশনের কাছ থেকে ১৮ কোটি ৫০ লাখ টাকার সম্ভাব্য অনুদানসহ ১০৯ কোটি ৯৪ লাখ ৭০ হাজার টাকা আয় এবং ১০৯ কোটি ৯২ লাখ ২০ হাজার টাকা ব্যয় করা

হয়েছে। সিন্ডিকেটে ২০০৯-১০ অর্থবছরের ৮৩ কোটি ১৪ লাখ ৮৭ হাজার টাকা আয় এবং ৮৩ কোটি ১০ লাখ ১৬ হাজার টাকা ব্যয়-সংবলিত সংশোধিত বাজেটও অনুমোদিত হয়।